

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও পরিকল্পনা  
গৃহ নির্মাণ ঋণ শাখা-২  
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২০৮.৩০.০১৩৩.২৬.৪২৮

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩  
১৫ জুলাই ২০২৬

বিষয়: সত্যজিৎ দেব, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-গণিত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ইনসিটু: মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার-এর অনুকূলে গৃহ নির্মাণ ঋণ প্রদানে অর্থ বিভাগের সম্মতি এবং সরকার প্রদত্ত সুদ ভর্তুকির সাময়িক মঞ্জুরি আদেশ।

সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্র মূলে জারিকৃত “সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা, ২০১৮ (সংশোধিত)” অনুযায়ী বাস্তবায়নকারি সংস্থার ২৮/০৪/২০২৬ খ্রিঃ তারিখের এসবিপিএলসি/গ্রীম/স.ক.গৃহ নির্মাণ/৮৬ নং স্মারকে প্রস্তাবিত ঋণগ্রহীতার অনুকূলে নিম্নে বর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে ছকে উল্লিখিত তথ্য অনুযায়ী ঋণ প্রদানের বিষয়ে নির্দেশক্রমে সম্মতি এবং সুদ ভর্তুকি প্রদানের সাময়িক মঞ্জুরি জ্ঞাপন করা হলোঃ

|                                    |                                                                                                            |
|------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------|
| প্রস্তাবিত ঋণগ্রহীতার নাম (NID সহ) | সত্যজিৎ দেব, NID-19755818319085510                                                                         |
| বাস্তবায়নকারী সংস্থা              | ব্যাংকঃ সোনালী ব্যাংক পিএলসি, শাখাঃ শ্রীমঙ্গল শাখা, মৌলভীবাজার।<br>একাউন্ট-৫৮২০৬০১০৩৩৯১৯, রাউটিং-২০০৫৮১৭২৯ |
| প্রস্তাবিত ঋণের পরিমাণ             | ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা                                                                              |
| ঋণ আবেদনের কারণ                    | বাড়ি নির্মাণ                                                                                              |
| প্রস্তাবিত ঋণের ধরণ                | একক                                                                                                        |
| মাসিক সুদ ভর্তুকির পরিমাণ          | ৭,৬৫৮/- (সাত হাজার ছয়শত আটান্ন) টাকা<br>(চূড়ান্ত মঞ্জুরি অনুযায়ী পরিবর্তন সাপেক্ষে)                     |
| মোট সুদ ভর্তুকির পরিমাণ            | ৭,১৯,৮৮৪/- (সাত লক্ষ উনিশ হাজার আটশত চুরাশি) টাকা<br>(চূড়ান্ত মঞ্জুরি অনুযায়ী পরিবর্তন সাপেক্ষে)         |
| সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ         | পিআরএল সমাপ্তির তারিখ পর্যন্ত-১৩/০২/২০৩৫ খ্রি.                                                             |

**শর্তাবলিঃ**

- (ক) অর্থ বিভাগের অনুমোদনের পর এ বিভাগের পূর্বসম্মতি ব্যতীত ঋণ পরিশোধের তফসিল পরিবর্তন করা যাবে না।
- (খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।
- (গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় “১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩- সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি”- কোড হতে পরিশোধ করা হবে।
- (ঘ) নীতিমালার ৪(গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে। এক্ষেত্রে ছকে উল্লিখিত বিনিয়োগ আবেদনকারীর ব্যাংক হিসাব নম্বর কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।
- (ঙ) প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এ মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, “তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসেবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন”।
- (চ) রেজিস্ট্রেশনের সময় ঋণগ্রহীতা অন্ততপক্ষে ঋণের প্রকৃত মূল্য দলিলে প্রদর্শন করবেন।
- (ছ) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদানের জন্য ডেট ইকুইটি অনুপাত ৯০: ১০ অনুসরণ করতে হবে।
- (জ) ঋণগ্রহীতা সুদ ভর্তুকির আবেদন এর সাথে রিপেইন্ট শিডিউল, ক্রয়/মালিকানা/লিজ দলিল ও বন্ধকী দলিল/ত্রি-পক্ষীয় চুক্তিপত্র দলিলের কপি অর্থ বিভাগে প্রেরণ করবেন।
- (ঝ) ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রদান করা হবে। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করা যাবে।
- (ঞ) “ঋণগ্রহীতার চাকুরীকাল শেষ হবার পূর্বেই গৃহনির্মাণ ঋণ এককালীন পরিশোধ এর ক্ষেত্রে পরিশোধ এর তারিখে ঋণের অপরিশোধিত আসল ও অপরিশোধিত সুদসহ সকল অর্থ ঋণগ্রহীতা পরিশোধ করবেন”।
- (ট) ঋণগ্রহীতা লিয়েনে গমন কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ অথবা সরকার কর্তৃক সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে ঋণগ্রহীতা বিষয়টি অনতি বিলম্বে বাস্তবায়নকারী সংস্থা এবং অর্থ বিভাগকে অবহিত করবেন এবং আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।
- (ঠ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার

করা হবে।

(ড) লিয়েন শেষে মূল চাকুরীতে যোগদানের পর রিপেইন্ট শিডিউল পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে অর্থ বিভাগ বরাবর সংশোধিত মঞ্জুরি আদেশ এর জন্য আবেদন করতে হবে।

(ঢ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তন জনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(গ) ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করবেন।

(ত) এ মঞ্জুরিপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।

(থ) পরবর্তিতে কোনরূপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এ আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করবে।

(দ) এ মঞ্জুরিপত্রের মেয়াদ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৯০ দিন পর্যন্ত বলবৎ থাকবে।

(ধ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্র মূলে জারিকৃত “বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি ও সুপ্রীম কোর্টের মাননীয় বিচারকগণের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা ২০২১” এর প্রযোজ্য অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

১৫-০৭-২০২৬

তা, শা, শামীম সিদ্দিকী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২০৮.৩০.০১৩৩.২৬.৪২৮/১ (৪)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩  
১৫ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক পিএলসি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৩। সত্যজিৎ দেব, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-গণিত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ইনসিটু: মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।



১৫-০৭-২০২৬

তা, শা, শামীম সিদ্দিকী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)